

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
লক্ষ্মীপুর  
(আইসিটি শাখা)  
(www.lakshmipur.gov.bd)



জেলা তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি বিষয়ক কমিটির ডিসেম্বর/২০২০ খ্রিষ্টাব্দের সভার কার্যবিবরণী


সভাপতি : অঞ্জন চন্দ্র পাল  
জেলা প্রশাসক  
লক্ষ্মীপুর  
সভার তারিখ : ২০.১২.২০২০ খ্রি.  
সভার সময় : সকাল ১০.১০ ঘটিকা।  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	ই-ফাইল (নথি) বাস্তবায়ন	<b>আলোচনাঃ</b> সভাপতি বলেন, ই-ফাইল বাস্তবায়ন সরকারের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ডিজিটাল অফিস ব্যবস্থাপনার মাধ্যমে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্যই ই-ফাইল কার্যক্রম চালু করা হয়েছে। সহকারী প্রোগ্রামার, লক্ষ্মীপুর জানান যে, বর্তমানে জেলায় মোট ৩৫টি সরকারি দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালু রয়েছে এবং অন্যান্য দপ্তরসমূহকে খুব শীঘ্রই ই-ফাইলিং এর আওতায় আনা হবে। ই-ফাইলিং এর মাধ্যমে দাপ্তরিক নথি নিষ্পত্তি বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। <b>সিদ্ধান্তঃ</b> ১। জেলার যে ৩৫টি সরকারি দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম শুরু হয়েছে, সে দপ্তরসমূহকে নিয়মিত ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। ২। সকল চিঠি ই-নথিতে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	(১) সংশ্লিষ্ট জেলা দপ্তরসমূহের প্রধানগণ, লক্ষ্মীপুর (২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর
০২.	জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা	<b>আলোচনাঃ</b> অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভাকে অবহিত করেন যে, ওয়েব পোর্টালসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। নিজ নিজ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ ও তথ্য সমৃদ্ধ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। <b>সিদ্ধান্তঃ</b> জেলা প্রশাসকের কার্যালয়সহ সকল বিভাগের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদকরণের এবং প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	(১) জেলা দপ্তরসমূহের প্রধানগণ, লক্ষ্মীপুর (২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর (৩) সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর (৪) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর
০৩.	ইউডিসির আয় ও সেবা প্রদান কার্যক্রম তদারকি	<b>আলোচনাঃ</b> সহকারী কমিশনার (আইসিটি) জানান, লক্ষ্মীপুর জেলায় ৫৮ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ৫৮ জন পুরুষ উদ্যোক্তা এবং ৫৮ জন মহিলা উদ্যোক্তা সেবা কাজে নিয়োজিত রয়েছেন। নভেম্বর/২০২০ খ্রিষ্টাব্দে ইউডিসি হতে মোট আয় হয় ৪,৭৫,৫৭৪/- (চার লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা এবং মোট ১৪,০৩৯ জন সেবা গ্রহণ করেছেন মর্মে সভায় তথ্য উপস্থাপন করা হয়।	

		<p><u>সিদ্ধান্তঃ</u> প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে জনগণ যাতে সর্বদা কাঙ্ক্ষিত সেবা পায় সে বিষয়টি তদারকি করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।</p>	
০৪.	দাপ্তরিক যোগাযোগে ই-মেইলের ব্যবহার বৃদ্ধি	<p><u>আলোচনাঃ</u> এ কার্যালয়ের সাথে সকল বিভাগের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দাপ্তরিক পত্রাদি ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> দাপ্তরিক যোগাযোগে ই-মেইল এর ব্যবহার বৃদ্ধি করার জন্য সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়।</p>	(১) জেলা দপ্তরসমূহের প্রধানগণ, লক্ষ্মীপুর (২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লক্ষ্মীপুর (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর
০৫.	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান	<p><u>আলোচনাঃ</u> উপজেলায় প্রতি মাসে নিয়মিত আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের এবং উক্ত সভায় উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগগণের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> উপজেলায় প্রতি মাসে আইসিটি কমিটির সভা করে সভার কার্যবিবরণীর কপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।</p>	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর
০৬.	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন	<p><u>আলোচনাঃ</u> জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর সভায় জানান যে, লক্ষ্মীপুর জেলায় ৮৭৪ টি বিদ্যালয়ের মধ্যে ৬৭২টি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু আছে। শিক্ষা প্রতিষ্ঠান খোলার পরে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালুকৃত বিদ্যালয়সমূহে যেন নিয়মিত মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেওয়া হয় সেটি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> শিক্ষা প্রতিষ্ঠান খোলার পরে বিদ্যালয়সমূহে যেন নিয়মিত মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেওয়া হয় সেটি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।</p>	(১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লক্ষ্মীপুর (২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর (৩) জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর। (৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর
০৭.	জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি	<p><u>আলোচনাঃ</u> জনগণকে আরও সহজে এবং দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসন, লক্ষ্মীপুর এর উদ্যোগে একটি ফেসবুক পেইজ খোলা হয়েছে যার নাম জেলা প্রশাসন, লক্ষ্মীপুর। সভাপতি Facebook এর মাধ্যমে সেবা প্রদানের/নাগরিক সমস্যা সমাধানের কার্যক্রম আরও বৃদ্ধির লক্ষ্যে এটিকে প্রচার করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> জেলা প্রশাসনের ফেইসবুক পেইজ এর মাধ্যমে জনসেবা প্রদানের বিষয়টি প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</p>	(১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লক্ষ্মীপুর (২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর (৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (৪) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর

পরিশেষে সভাপতি সকলকে ই-সেবা কার্যক্রম জোরদার করার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(অঞ্জন চন্দ্র পাল)  
জেলা প্রশাসক  
লক্ষ্মীপুর

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০২৪.০১.০০১.২০২০-১২২

তারিখঃ ২৫.১২.২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
০৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৪. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৬. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৭. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মহাপরিচালক (প্রশাসন) ও জাতীয় প্রকল্প পরিচালক, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।



(অঞ্জন চন্দ্র পাল)

জেলা প্রশাসক

লক্ষ্মীপুর

ফোন নং-০৩৮১-৬২৪১০

ফ্যাক্স নং-০৩৮১-৬২৪৩০

dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০২৪.০১.০০১.২০২০-১২২

তারিখঃ ২৫.১২.২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০২. অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ/সরকারি মহিলা কলেজ, লক্ষ্মীপুর।
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
০৫. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর।
০৬. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. সহকারী কমিশনার ----- এ কার্যালয়।
০৯. জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর।
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর।
১১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর।
১২. প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর।



২২.১২.২০২০

সহকারী কমিশনার (আইসিটি)

জেলা প্রশাসকের কার্যালয়

লক্ষ্মীপুর